চুয়াডাঙ্গায় প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

চুয়াডাঙ্গায় প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।রবিবার চুয়াডাঙ্গা প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠ স্কুল মাঠে এ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠের অধ্যক্ষ মোঃ শাহাবুদ্দীন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দেহ এবং মনকে সুস্থ সবল রাখতে প্রত্যেক মানুষের ক্রীড়া চর্চা করা উচিত। এ দেশের নতুন প্রজন্মকে দেশ ও জাতীয় চেতনার সাথে সম্পৃক্ত করতে তাদেরকে পরিপূর্ণভাবে ক্রীড়া ও সংস্কৃতি চেতনায় গড়ে তুলতে হবে। আমাদের তরুণরা খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমেই আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার মতো বিজয় অর্জন করবে।

উল্লেখ চুয়াডাঙ্গা প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠের আয়োজনে রবিবার সকাল থেকে জাতীয় সঙ্গীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে, মশাল প্রজ্জ্বলন, মার্চ পাস্টের পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড় সহ বিভিন্ন প্রতিযোগীতা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম। এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক আকাশ খবরের সম্পাদক জান্নাতুল আওলিয়া নিশি সহ চুয়াডাঙ্গা প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠের শিক্ষার্থী শিক্ষক ও অভিভাবক বৃন্দ উপস্থিত ছিলেন।